তারিখ ১৯ SEP 2016
পৃষ্ঠা ১৩ কলাম ৬

যুগান্তর



টঙ্গীবাড়ীর বড়াইল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা খোলা আকাশের নিচে ক্লাস করছে যুগান্তর

# টঙ্গীবাড়ীতে খোলা আকাশের নিচে পাঠদান

**টঙ্গীবাড়ী (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

টঙ্গীবাড়ী উপজেলার বড়াইল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের খোলা আকাশের নিচে পাঠদান চলছে। শনিবার দুপুরে ওই বিদ্যালয়ের টিন ও কাঠ দিয়ে নির্মিত ভবনটি হঠাৎ করে পদ্মায় বিলীন হয়ে গেলে বিপাকে পড়ে ওই বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও অভিবাবকরা।

রোববার ওই গ্রামের আজিজ খানের বাড়ির দরগার মাঠে ওই বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্লাস করতে দেখা যায়। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক শুশিল কুমার মণ্ডল জানান, এলাকার মানুষের সহয়তায় উপজেলার বাঘবাড়ি গ্রামে বিদ্যালয়টির কাঠ ও টিন দিয়ে নির্মিত পুরাতন ভবনটির পুনরায় উত্তোলন কাজ চলছে।

আপাতত আমরা মাইকিং করে ছাত্রছাত্রীদের আজিজ খানের দরগা বাড়িতে ক্লাস হবে বলে প্রচার করলে ছাত্রছাত্রীরা ওই বাড়িতে এসে জড়ো হলে আমরা রোববার ওই বাড়িতে ছাত্রছাত্রীদের ক্লাস নেই। স্কুলের ভবনটি বাঘবাড়ি গ্রামে স্থানান্তরিত হওয়ার আগ পর্যন্ত ওই দরগা বাড়িতেই ছাত্রছাত্রীদের ক্লাস নেয়া হবে।